বিসমিল্লাহির রাহমানির রাহীম

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নারায়ণগঞ্জ ।


সুলতান আহম্মেদ
কাউন্সিলর, ২২নং ওয়ার্ড
সভাপতি,
বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ।


সূত্র নং-

তারিখ ২৬/02/2024 খ্রি:

## সভার নোটিশ

**বিষয়ঃ** ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ২২ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে।উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবন প্রসঙ্গে
৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।
৪। কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা ।

শুভেচ্ছান্তে,

(জনাব সুলতান আহম্মেদ)
কাউন্সিলর, ওয়ার্ডনং- ২২
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল- ০১৭১২৬০৫৩০৯




CamScanner

# ২২নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

২৪০নং সালেহনগর রোড,বন্দর,নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ২২নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ জনাব সুলতান আহম্মেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং- ২২
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ২২

সভার তারিখ ঃ ০৪/০৩/২০২৪ খ্রিঃ

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়

সভার স্থান ঃ ২২ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

## সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ২২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সুলতান আহম্মেদ কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১:** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | **সভাপতি মহোদয়ের অনুমতিক্র**মে কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী-২:** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনাঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা। | ২২নং WLCC'র সদস্য-সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য উপস্থিত | উপরোক্ত অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা সভায় | প্রকৌশল বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সবাইকে অনুরোধ জানান । উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ।<br>১। সিরাজউদ্দৌল্লাহ ক্লাব মাঠের সৌন্দয্যবর্ধন ।<br>২। এস এস শাহা রোড হতে রিভার ব্যাংক পর্যন্ত রাস্তা মেরামত ।<br>৩। বি এম স্কুলের ঘাটে (শীতলক্ষা নদীর তীর) ঘাটলা নির্মান ।<br>৪। বন্দরে খোরশেদ বাড়ী হতে ঢালী বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৫। বন্দর ১নং ঘাট হতে মুক্তিযোদ্ধা ঘাট অফিস পর্যন্ত রাস্তা মেরামত।<br>৬। বন্দর কবরস্থান সড়ক থেকে লিংক রোড সহ মাঠপাড়া বাইতুল মামুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৭। বন্দর গার্লস স্কুল হতে সরওয়ার বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৮। এইচ এম সেন রোড মিয়াপাড়া মসজিদ হতে রিপন এর বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান ।<br>৯। এইচ এম সেন রোড আজহার উদ্দিন এর বাড়ী হতে ইউনুস এর বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান। | সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয় এবং বর্নিত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্ত মেয়র, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | |

আলোচ্যসূচী-৩: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২২ নং ওয়ার্ডের WLCC এর সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানউন্নয়ন ও সুশাসন প্রতিষ্টার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব | WLCC সদস্যগন, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন । |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে জনাব , মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নির্দিষ্ট ফরমে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।জনাব হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানউন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | অবস্থান হতে সেবার মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**আলোচ্যসূচী-৪:** কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য জনাব মোঃ তারেক মিয়া সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ৪০.৭২% পৌর কর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌর কর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক | ক) পৌর কর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়। (খ) উপস্থিত সবাইকে পৌর কর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌর কর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( জনাব সুলতান আহম্মেদ)
চেয়ারপার্সন, ২২নং WLCC ও
কাউন্সিলর, ২২নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ০১৭১২৬০৫৩০৯

CamScanner

# সংযোজনী-ক

## ২২ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা তালিকা।

তারিখঃ

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুলতান আহম্মেদ | সভাপতি | [illegible] |
| ০২ | জনাব শাওন অংকন | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ শহিদুল ইসলাম সাগর | সদস্য | |
| ০৪ | জনাব পার্থ সারথী রায় | সদস্য | [illegible] |
| ০৫ | জনাব জি. এম মাসুদ | সদস্য | মাসুদ |
| ০৬ | জনাব হুমায়ন কবির | সদস্য | Kabir |
| ০৭ | জনাব সিরাজ আহম্মেদ খান | সদস্য | |
| ০৮ | জনাব মোঃ তারেক মিয়া | সদস্য | তারেক মিয়া |
| ০৯ | হাজী মোঃ নাসির | সদস্য | মো. নাসির |
| ১০ | জনাব এম এ মান্নান | সদস্য | এম. এ. মান্নান |

CS CamScanner

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব আলী আহম্মেদ বাদল | সদস্য | বাদল |
| ১২ | জনাব নিপু দাস | সদস্য | |
| ১৩ | জনাব মোঃ খালেকুজ জামান মিয়া | সদস্য | |
| ১৪ | জনাব সেলিনা আক্তার | সদস্য | সেলিনা আক্তার |
| ১৫ | জনাব সাইফুল ইসলাম ভূইয়া | সদস্য সচিব | [illegible] |

CS CamScanner